

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৪৫৪

কৈলাসহর, ০৩ অক্টোবর, ২০২৪

কৈলাসহরে গান্ধী জন্মজয়ন্তী উদযাপিত

তথ্য ও সংস্কৃতি দপ্তর ও কৈলাসহর পুর পরিষদের যৌথ উদ্যোগে গতকাল কৈলাসহর পুর পরিষদ কার্যালয়ে জাতির জনক মহাত্মা গান্ধীকে এক অনুষ্ঠানের মাধ্যমে শ্রদ্ধা জানানো হয়। এই অনুষ্ঠানের উদ্বোধন করেন কৈলাসহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা দেব রায়। সভাপতিত্ব করেন উনকোটি জিলা পরিষদের সদস্য শ্যামল দাস। উপস্থিতি ছিলেন কৈলাসহর মহকুমার মহকুমা শাসক প্রদীপ সরকার, তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহায়কর্তা বিশ্বজিৎ দেব প্রমুখ। অনুষ্ঠান শুরুতে গান্ধীজির প্রতিকৃতিতে পুস্তার্ঘ অর্পণ করে শ্রদ্ধা জানানো হয়। অনুষ্ঠানে উপস্থিত অতিথিগণ গান্ধীজির জীবন দর্শন নিয়ে আলোচনা করেন। অনুষ্ঠানে বিভিন্ন সাংস্কৃতিক সংস্থার শিল্পীরা দেশাত্মক সঙ্গীত পরিবেশন করেন।

\*\*\*\*\*